## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের অক্টোবর/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ৩০/১০/২২ **খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১২.৩০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, (১) (NBIDNNGPS-1) প্রকল্পের আওতায় আকুয়া মোড়ল পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ঠিকাদার মের্সাস অয়ন এন্টারপ্রাইজ কার্যাদেশ পাওয়ার পর ৭৫% কাজ সম্পন্ন করে দীর্ঘদিন যাবৎ কাজটি বন্ধ রেখেছেন। বর্তমানে ঠিকাদারকে তাঁর স্থায়ী ঠিকানায় এবং বর্ণিত বর্তমান ঠিকানা কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না এবং তিনি আত্মগোপনে রয়েছেন। এছাড়াও ঠিকাদারের একাধিক মোবাইল নাম্বারে বার বার যোগাযোগ করা সত্ত্বেও তাঁকে পাওয়া যাচ্ছে না। প্রশাসনিক ভাবে তাঁকে বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও কোন কাজ হচ্ছে না। উক্ত ঠিকাদার দ্বারা কাজটি বাস্তবায়ন সম্ভব নয় বলে আপাত দৃষ্টিতে প্রতীয়মান হচ্ছে।<br>(২) চতুর্থ প্রাথমিক শিক্ষাউন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) এর আওতায় মধুমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেনী কক্ষ নির্মানের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী,পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা, মহোদয়ের কার্যালয়ের স্মারক নং: ৪৬.০২.০০০০.৯০২.১৪.৩০.২১.১২১৭৪ তাং: ১৯-১০-২০২১ইং মূলে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তৎপেক্ষিতে ই-জিপির মাধ্যমে দরপত্র আহবান করা হয়। যার আইডি নং ৬২৪৫৫৪, দরপত্র গ্রহনের তাং: ২৫-১১-২০২১ইং। কিন্তু টেন্ডার চলাকালীন তৎকালীন উপজেলা প্রকৌশলী সরেজমিনে বিদ্যালয় নির্মান স্থান পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে, বিদ্যালয় স্থান হতে ব্রহ্মপুত্র নদ মাত্র ৪০০ মিটার দূর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং নদটির তীরে ভাঙ্গন এলাকার জন্য উপযোগী নয় এমন ডিজাইন অনুযায়ী বিদ্যালয় ভবন নির্মান করা সমীচিন নয়।<br>(৩) ২০২২-২০২৩ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ১৫.৯২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে হিসেবে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিসহ মোট ৬৩.৬৮ লক্ষ টাকা বরাদ্দ ধরে এডিপি এর আওতায় প্রকল্প সমূহ যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়। অনুমোদিত স্কীমের তালিকা (পরিশিষ্ট-গ)।<br>(৪) ময়মনসিংহ জেলার সদর উপলোধীন উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজের প্রস্তাবিত স্থানটি ৮ থেকে ৯ ফুট গভীর জলাশয় ছিল। যার ফলে হলরুমের টয়লেট অংশ নির্মাণ করার পর টয়লেট অংশের ফ্লোর ধেবে যায়। এছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও ফ্লোর যদি শুধুমাত্র সি সি দ্বারা করা হয় সেক্ষেত্রে ফ্লোর ধেবে/ফেঁটে যাওয়ার সম্ভাবনা রয়েছে। সভার বিস্তারিত আলোচনান্তে প্রশাসনিক ভবন ও হলরুমের ফ্লোর আরসিসি দ্বারা এবং হলরুমের টয়লেট অংশ কলাম/বিম/ফাউন্ডেশন দ্বারা বাস্তবায়নের জন্য ঠিকাদারকে অনুরোধ করার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং অতিরিক্ত কাজের প্রাক্কলন প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ঠিকাদারকে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, হলরুম ও প্রশাসনিক ভবনের ফ্লোরে রড সাপ্লাই বাবদ এবং টয়লোট অংশে ফাউন্ডেশন বাবদ ৬.০০ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে (১) সার্বিক পরিস্থিতি বিবেচনায় ও বাস্তবতার নিরিখে বর্তমান চুক্তিটি বাতিলের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সুপারিশ করা হয়।<br>(২) সভার বিস্তারিত আলোচনান্তে নদী ভাঙ্গন এলাকার জন্য উপযোগী ডিজাইন তৈরি করে বিদ্যালয় ভবন নির্মানের জন্য আলোচনা ও উর্দ্ধতন কর্তপক্ষকে অবহিত করার সুপারিশ করা হইল।<br>(৩) সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত অনুমোদিত স্কীমসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক e-GP এর মাধ্যমে LTM Method অনুসরন পূর্বক Tender প্রক্রিয়া শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) সভার বিস্তারিত আলোচনান্তে প্রস্তুতকৃত প্রাক্কলন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করে প্রশাসনিক অনুমোদন নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী,উপজেলা শিক্ষা অফিসার ,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, বৃহওর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরন প্রকল্পের আওতায় ৩দিন ব্যাপি কৃষি মেলা শেষ হয়েছে। উক্ত মেলায় সার্বিক সহযোগিতার জন্য তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া তিনি বলেন বর্তমানে আমন ধান কর্তন শুরু হয়েছে এবং মাঠে শীতকালীন শাক সজি রয়েছে। উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, **ময়মনসিংহ সদর উপজেলার ০৫ থেকে ১১ বৎসরের স্কুলের বাচ্চাদের মাঝে ১ম ডোজ এর কোভিড-১৯ এর টিকা দান কার্যক্রম চলমান রয়েছে। ১ম ডোজ এর ৫৬দিন পর ২য় ডোজ এর কার্যক্রম শুরু হবে। সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং ইউনিয়নের চেয়ারম্যানদেরকে ব্যাপক প্রচার প্রচারনার জন্য বলেন। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল |
| ৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, **১৮ অক্টোবর ২০২২ইং তারিখে শহীদ শেখ রাসেলের জন্মদিনে সরকার ৫০০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র হিসাবে ঘোষনা করেছে। ঘাগড়া ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রটি এর আওতায় নির্বাচিত হয়েছে।** কেন্দ্রটিতে সপ্তাহে ৭দিন ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা প্রদানের লক্ষ্যে কেন্দ্রটির জনবল ইতমধ্যে পরিপূর্ন করা হয়েছে। প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন হয়েছে। এখন নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের জন্য একটি সাবমারর্সিবল ও কিছু প্রয়োজনীয় আসবাব প্রদানের জন্য উপজেলা পরিষদের মাধ্যমে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা **প্রাথমিক শিক্ষা অফিসার** সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৯ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলার VWB ২০২১-২০২২ চক্রের মেয়াদ শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২২। বর্তমান চক্রে ১১টি ইউনিয়নের জন্যে মোট VWB কার্ড বরাদ্দ ২৪০৬ টি। এর মধ্যে ICVGD সুবিধাভোগী ১৮০০ জন। ICVGD সুবিধাভোগী সবার নামে ব্যাংক হিসাব খোলে MIS এর মাধ্যমে ডাটা এন্টি দেয়া হয়েছে। সদর কার্যালয় হতে টাকা প্রেরন করা মাত্র উপকারভোগীরা তাদের একাউন্টের মাধ্যমে টাকা উত্তোলন করতে পারবেন। নতুন VWB চক্র শুরু হবে ১ জানুয়ারী ২০২৩ হতে।<br>জয়িতা অন্বেষন বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের আওতায় প্রতিবছরের ন্যায় এবারও বিভিন্ন প্রতিকূলতা অতিক্রম করে স্ব স্ব ক্ষেত্রে জয়ী নারীদের ৫টি ক্যাটাগরীতে সংবর্ধনা দেয়া হবে আগামী ৯ ডিসেম্বর রোকেয়া দিবসে। ক্যাটাগরী গুলো হলো ১. অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ২. শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী ৩. সফর নারী ৪. নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী ৫. সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ করেন উক্ত ক্যাটাগরীর জন্য কোন যোগ্য ব্যক্তি পাওয়া গেলে তাদের নামের তালিকা অত্র দপ্তরে দেয়ার জন্য। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

<table>
<tr>
<td>১২</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার সভায় জানান যে, গত অর্থ বৎসরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ সিস্টেম এর বরাদ্দ পাওয়া যায়। এতে ৫০% এর তালিকা মাননীয় এম পি মহোদয়ের হিসাবে ৯টির সাইট পাওয়া গিয়াছে। WATSAN কমিটির বাকী ৯টি সাইট চূড়ান্ত করার অনুরোধ জানানো হয়। এবং তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভার জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারীদের চাকুরী স্থায়ী করণের আবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ গ্রহন করেছেন। যোগদানের তারিখ হতে যোগদানকৃত পদে শিক্ষানবিস কালসহ অদ্যাবদি তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক রয়েছে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা-২০১০ মোতাবেক উপজেলা পরিষদ কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মচারীদের সরকারি চাকুরীতে তাদের নামের পাশে ০৬নং কলামে বর্ণিত তারিখ হতে (১ম যোগদানের তারিখ) তাদের চাকুরী স্থায়ীকরন (কনফারমেশণ অব সার্ভিস) করা হলো।
<table>
<tr><th>ক্র.নং</th><th>নাম ও কর্মস্থল</th><th>পদবী</th><th>১ম যোগদানের তারিখ</th><th>শিক্ষানবিস কাল সমাপ্তির তারিখ</th><th>স্থায়ী করণের তারিখ</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td><td>০৬</td></tr>
<tr><td>০১</td><td>নাজমুন নাহার<br>উপজেলা পরিষদ কার্যালয়<br>ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।</td><td>সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর</td><td>৩০-০৫-২০১৩খ্রি.</td><td>২৯-১১-২০১৩খ্রি.</td><td>৩০-০৫-২০১৩খ্রি.</td></tr>
<tr><td>০২</td><td>মো. উজ্জল মিয়া<br>উপজেলা পরিষদ কার্যালয়<br>ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।</td><td>জীপ গাড়ী চালক</td><td>৩০-০৫-২০১৩খ্রি.</td><td>২৯-১১-২০১৩খি.</td><td>৩০-০৫-২০১৩খ্রি.</td></tr>
<tr><td>০৩</td><td>মো. উছমান গনি<br>উপজেলা পরিষদ কার্যালয়<br>ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।</td><td>অফিস সহায়ক</td><td>১২-০২-২০১৫খ্রি.</td><td>১১-০৮-২০১৫খ্রি.</td><td>১২-০২-২০১৫খ্রি.</td></tr>
<tr><td>০৪</td><td>মো. আলমগীর হোসেন<br>উপজেলা পরিষদ কার্যালয়<br>ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।</td><td>অফিস সহায়ক</td><td>১২-০২-২০১৫খ্রি.</td><td>১১-০৮-২০১৫খ্রি.</td><td>১২-০২-২০১৫খ্রি.</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কর্মচারীদের ১ম যোগদানের তারিখ হতে তাদের চাকুরী স্থায়ীকরন (কনফারমেশণ অব সার্ভিস) করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে ৩৫৫টি গৃহ নির্মাণের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ দ্বারা নির্মাণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে গৃহ নির্মাণ কার্যক্রম তদারকী করার জন্য অনুরোধ করেন। এছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহকে সার্বক্ষনিক গৃহ নির্মাণ কাজ সরেজমিনে সার্বক্ষনিক তদারকী করার জন্য সভার পক্ষথেকে ধন্যবাদ জানানো হয়। সভার সকল বিভাগীয় কর্মকর্তাদের অন্যান্য সকল কাজে আন্তরিকতার সহিত কাজ সম্পাদন করার জন্য সকলকে অনুরোধ করা হলো।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে গৃহনির্মাণ কাজ সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলকে আন্তরিকভাবে তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ/ উপজেলা প্রকৌশলী সদর/ সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবনের পার্শ্বে বৃক্ষ মেলা আয়োজন করার জন্য উপজেলা কৃষি অফিসার, সদর, ময়মনসিংহকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া কৃষকদের চাহিদা মোতাবেক সকল ধরনের যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে এত করে সদর উপজেলার কৃষকগণ বেশ উপকৃত হয়েছে বলে সভায় জানান । এছাড়া সকল বিভাগের কর্মকর্তাগণকে বিভাগীয় কার্যক্রম সমূহ সঠিকভাবে পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে বৃক্ষ মেলা/২২সফলভাবে সমাপ্ত করায় উপজেলা কৃষি অফিসার, সদর, ময়মনসিংহকে ধন্যবাদ জানানো প্রস্তাব সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>বিবিধ আলোচনা :<br>উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন পরাণগঞ্জ ও বোররচর ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট করার জন্য ১,৫০,০০০ ঘনফুট বালি ব্যবহারের এবং কাতলাসেন আশ্রয়ন প্রকল্পে মাটিভরাট, বেলতলী আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট , মধ্য ঘাগড়া আশ্রয়ন প্রকল্প মাটিভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট করার জন্য ৬,২৩,৫০০.০০ ঘনফুট বালি ব্যবহারের অনুমতি পাওয়া যায়। উক্ত স্থানে ৬,২৩,৫০০.০০ ঘনফুট বালি ব্যবহারের প্রয়োজন রয়েছে। পরাণগঞ্জ ও বোররচর ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট করার জন্য ১,৫০,০০০ ঘনফুট বালি সরবরাহের জন্য এম.আর এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর মাহফুজুর রহমান, চরঈশ্বরদিয়া, ময়মনসিংহ (মোবাইল: ০১৯২৫১০৫৬০৮) কে চরহাসাদিয়া শ্যামরামপুর হতে বালি সরবরাহের জন্য দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন এবং ময়মনসিংহ সদর উপজেলাধীন কাতলাসেন আশ্রয়ন প্রকল্পে মাটিভরাট, বেলতলী আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট , মধ্য ঘাগড়া আশ্রয়ন প্রকল্প মাটিভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট করার জন্য ৬,২৩,৫০০.০০ ঘনফুট বালি মেসার্স জনি এন্টারপ্রাইজ, ৮২/সি,জেসি.গুহ রোড, ময়মনসিংহ (মোবাইল: ০১৯৭২-০৭৮৮০১) কে কালীবাড়ী পুরাতন গুদারাঘাট, থানাঘাট সংলগ্ন,ময়মনসিংহ হতে বালি সরবরাহের জন্য প্রস্তাব করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে পরাণগঞ্জ ও বোররচর ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পে এবং কাতলাসেন আশ্রয়ন প্রকল্পে মাটিভরাট, বেলতলী আশ্রয়ন প্রকল্পে মাটি ভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট , মধ্য ঘাগড়া আশ্রয়ন প্রকল্প মাটিভরাট ও সংযোগ সড়কে মাটি ভরাট করার জন্য ৭,৭৩,৫০০ ঘনফুট বালি বালি সরবরাহের জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপেজলার ক্রীড়া সংস্থার কার্যকরী কমিটি না থাকায় উপজেলা ক্রীড়া সংস্থার কার্যক্রম সক্রিয়ভাবে পরিচালিত হচ্ছে না বিধায় গত ২৪/০৪/২০২২ খ্রি. তারিখের জাতীয় ক্রীড়া পরিষদ হতে নির্বাচনী প্রক্রিয়ার জন্য কমিটি অনুমোদিত হয়।<br>পরবর্তীতে, ময়মনসিংহ সদর উপজেলা ক্রীড়া পরিষদ কাউন্সিল ও ভোটারগণ না থাকায় নির্বাচন প্রক্রিয়া সম্ভবপর হয় নি। কাজেই উপস্থিত সভার সদস্য ও অন্যান্য ক্রীড়াসংগঠকদের নিয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা ক্রীড়া সংস্থা গঠনতন্ত্র অনুচ্ছেদ ১২ অনুযায়ী ২৫ সদস্যের সমন্বয়ে কার্যকরী কমিটি গঠনের নিমিত্ত ২৫ সদস্যদের নাম সিলেকশনের জন্য প্রস্তাব মতে, নাম উপস্থাপন করা হয়। এবং অত্র সভায় সকলের সম্মতি থাকায় প্রস্তাব অনুমোদিত হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা ক্রীড়া সংস্থা গঠনতন্ত্র অনুচ্ছেদ ১২ অনুযায়ী উপস্থাপিত ২৫ সদস্যের সমন্বয়ে কার্যকরী কমিটি গঠন এবং উক্ত কমিটি জেলা প্রশাসক,ময়মনসিংহ মহোদয় অনুমোদনের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ কমিটির সদস্যবৃন্দ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর আলোকে অনুচ্ছেদ ৫ এর (ক) ও (খ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়ন দ্বারা উপজেলা পরিষদের উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের আবশ্যতা থাকায় উপজেলা পরিষদ নতুন ভবনের নিমার্ণ/উন্নয়ন কাজ সম্পূর্ণ করতে প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে সম্ভাব্য নিম্নলিখিত প্রকল্প গ্রহণের প্রয়োজন রয়েছে। উপজেলা প্রকৌশলী ময়মনসিংহ সদর, ময়মনসিংহ কর্তৃক নিম্নলিখিত প্রকল্প সমূহ উপস্থাপন করেন।<br><u>প্রকল্পের নাম:</u><br>(১) উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের সামনে ও ডান পার্শ্বে গর্ত ভরাট ও ড্রেন নির্মাণ। (অংশ-১,২,৩,৪)<br>২। উপজেলা পরিষদের নতুন ভবনের উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা প্রকৌশলী অফিস ডেকোরেশন।<br>৩। উপজেলা পরিষদের গ্যারেজ নির্মান।<br>৪। উপজেলা পরিষদের নতুন ভবনের সম্মেলন কক্ষের জন্য ডেকোরেশন, প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম ক্রয়। | বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন কাজ সম্পূর্ন করতে উপরোক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং ঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২-৬৫০ (৫০)

তারিখ-৩০/১০/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯, ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৮। জনাব........................চেয়ারম্যান......................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। জনাব.............................................................................................
১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।